গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ সামসুল আরেফিন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ২৮ জুলাই ২০২২ দুপুর: ১২:০০ ঘটিকা।
স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-১০০৫, সরকারি পরিবহন পুল ভবন)।

**সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাংলাদেশ সিআরভিএস-এর বিভিন্ন কার্যক্রমের সমন্বয় করা হয়। সিআরভিএস এর কর্মকান্ড বাস্তবায়নে বিভিন্ন বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ আরো আন্তরিকতার সঙ্গে কাজ করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের, উপসচিব সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে, গত ১২ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ১২ মে ২০২২ তারিখে সদস্যগণ বরাবর প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্য কে অনুরোধ জানান। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: ২.১।** সিআরভিএস বাস্তবায়ন কমিটির ১২ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**০৩। আলোচ্যসূচি-০২: সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্র:ম: | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | সিদ্ধান্ত: ৩.১। BDRIS System টি টেস্টিং সম্পন্ন করণের নিমিত্ত BCC কর্তৃক যে সকল Bug Fix করে একাধিক ইমেইল প্রেরণ করা হয়েছে সেগুলো দ্রুত সমাধান করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৩.১।** বর্তমানে এ কার্যালয়ের দুইজন ডেভেলপার এবং কনসালটেন্ট BDRIS System-টি আপডেট বা ডেভেলপের কাজ করছে। তারা মাঠ পর্যায়ের সমস্যা (Bug) চিহ্নিত করে সেগুলো ত্রৈমাসিক পরিকল্পনার ভিত্তিতে গুরুত্ব সাপেক্ষে সমাধান করছে। উল্লেখ্য যে, গত কোয়ার্টারের (মার্চ-জুন) এর যে সকল Bug আইটি টিম কর্তৃক fix করা হয়েছিল সে রিপোর্ট এ কার্যালয়ের আইটি টিম কর্তৃক পরবর্তী মাসে উপস্থাপন করা হয়। প্রতিবেদন পাবার পর পুনরায় BCC কর্তৃক BDRIS System টি টেস্ট সম্পন্ন করার নিমিত্ত পত্র প্রেরণ করা হবে। |

| | | |
|---|---|---|
| ২। | সিদ্ধান্ত: ৪.২। প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নে UID প্রদানের জন্য BDRIS সংশ্লিষ্ট Application Programming Interface (API) রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক আগামী ১৫ দিনের মধ্যে তৈরি সম্পন্ন করবে। | ৪.২। সিআরভিএস সংক্রান্ত স্টেকহোল্ডার কনসালটেশন সভার সিদ্ধান্ত-৫.৩ এর অনুসারে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক Application Programming Interface (API) তৈরী করে গত ১৯/০৬/২০২২ তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং ব্যানবেইস-এর সাথে শেয়ার করা হয়েছে। |
| ৩। | সিদ্ধান্ত: ৪.১। প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক UID প্রদানের জন্য শিক্ষার্থীর অনলাইন BRN এর পাশাপাশি শিক্ষার্থীর বাবা-মায়ের NID অথবা BRN কোনটি আবশ্যিক হবে সেটি সিআরভিএস সংক্রান্ত স্টেকহোল্ডার কনসালটেশন সভায় চূড়ান্ত করার বিষয়ে সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ২৬ এপ্রিল ২০২২ তারিখে আয়োজিত সিআরভিএস সংক্রান্ত স্টেকহোল্ডার কনসালটেশন সভায় উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। |
| ৪। | সিদ্ধান্ত: ৪.৫। বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত প্রকল্পটি অনুমোদনের বিষয়ে আইন ও বিচার বিভাগ কর্তৃক পরিকল্পনা কমিশনের সাথে প্রয়োজনীয় যোগাযোগ করবে। | গত ৩০ মে ২০২২ তারিখ ০৮৪ নম্বর স্মারকে সংশ্লিষ্ট দপ্তর বরাবর বর্ণিত বিষয়ে পত্র প্রেরণ করা হলেও কোন প্রকার আপডেট পাওয়া যায়নি। |

**০৪। আলোচ্যসূচি-০৩। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:**

আলোচনায় অংশগ্রহণ করে আইসিটি বিভাগের প্রতিনিধি জানান যে, সিআরভিএস এর উপাদান বিবাহ ও তালাক নিবন্ধনের জন্য প্রয়োজনীয় আইসিটি অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমটি আইসিটি বিভাগের আওতায় এস্টাবলিশমেন্ট ডেভলাপমেন্ট কানেক্টিভিটি (ইডিসি) প্রকল্পের একটি কম্পোনেন্ট হিসাবে অর্ন্তভুক্ত করা হয়েছে । উক্ত প্রকল্পটি অনুমোদন প্রাপ্ত হয়ে প্রকল্প সংশ্লিষ্ট কাজ শুরু করা হয়েছে। "প্রস্তাবিত ইডিসি প্রকল্পটির অঙ্গ হিসাবে বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত বিষয়সমূহ বাস্তবায়নের উদ্যোগ নেয়া যেতে পারে" মর্মে প্লানিং কমিশন পত্রের মাধ্যমে আইন ও বিচার বিভাগকে অবহিত করে এবং আইসিটি বিভাগকেও পত্রটি ইস্যু করে মর্মে সভায় জানানো হয়। তিনি আরো জানান যে, মাননীয় আইসিটি প্রতিমন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইডিসি প্রকল্পে অনলাইন ম্যারেজ এবং ডিভোর্স ম্যানেজমেন্ট সিস্টেম ইমপ্রুভম্যান্ট সংক্রান্ত কার্যক্রমকে অন্তর্ভুক্ত করে তার জন্য বন্ধন সফটওয়্যার তৈরির কাজ ইতিমধ্যে অনেকটা এগিয়ে নিয়েছে এবং আগস্ট মাসেই আইন ও বিচার বিভাগসহ সংশ্লিষ্ট দপ্তর সংস্থার উপস্থিতিতে একটি ডেমো প্রদর্শন করা হবে। বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত প্রকল্পটি প্রণয়নের নিমিত্ত আইন ও বিচার বিভাগ আইসিটি বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সাথে সভা করে সমন্বয় পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়।

ডেপুটি রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় আলোচনায় অংশগ্রহণ করে জানান যে, BDRIS সিস্টেম এর ডেভলপার Reve System এর সাথে গত ৩০ জুন চুক্তি সমাপ্ত হয়। বর্তমানে উক্ত BDRIS সিস্টেমের উন্নয়ন রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের নিজস্ব ডেভলপারগণ কর্তৃক করা হচ্ছে। BDRIS সিস্টেমের মাধ্যমে শুধুমাত্র রেজিস্ট্রেশন এবং সংশোধনের বিষয়টি Smoothly করা যায় কিন্তু বর্তমান সময় পর্যন্ত কোন প্রকার ড্যাশ-বোর্ড ডেভলাপ করা হয়নি। তাছাড়াও BDRIS সিস্টেমের একাধিক module রয়েছে যেগুলো Reve System কর্তৃক তৈরি করা সম্পন্ন হয়নি। এই সিস্টেমটিকে যুগোপযুগী করার জন্য module based ডেভলাপমেন্ট এর কাজ চলমান রয়েছে। সংশ্লিষ্ট সকলের সাথে পরামর্শক্রমে বর্তমানে module গুলো ঠিক করা হচ্ছে। প্রথমিক ডেভেলপমেন্ট এর বিষয়গুলো আগামী ৩ মাসের মধ্যে এবং বর্তমান বছরের মধ্যে BDRIS সিস্টেমটি পুরোপুরি ডেভলাপ করা সম্ভব হবে মর্মে তিনি সভায় জানান।

আলোচনায় অংশগ্রহণ করে ডেপুটি রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় আরো জানান যে, বাবা-মায়ের BRN অথবা NID যে কোন একটির সাপেক্ষে শিক্ষার্থীকে ইউনিক আইডি প্রদান করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের ডেভেলপারগণ একটি Application Programming Interface (API) তৈরি করেছে। উক্ত API ব্যানবেইস এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে প্রদান করা হয়েছে। ব্যানবেইস কর্তৃক উক্ত API এর মাধ্যমে ৫০০ স্টুডেন্ট এর জন্য ইউনিক আইডি চাওয়া হয় তার মধ্যে ২৭২ জন স্টুডেন্টের জন্য BDRIS সিস্টেম থেকে ইউনিক আইডি পাওয়া যায়। যেসব স্টুডেন্ট এর জন্য BDRIS সিস্টেম থেকে ইউনিক আইডি পাওয়া যায়নি তাদের তথ্যগত কিছু সমস্যা রয়েছে যে গুলো আগামী ৭ দিনের মধ্যে নিয়ে ডেভলপারা সমাধান করবেন মর্মে সভায় জানানো হয়।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, আগামী ৭ দিনের মধ্যে উক্ত API এর মাধ্যমে প্রাথমিক পর্যায়ের স্টুডেন্টদের জন্য ইউনিক আইডি প্রাপ্তির বিষয়টির টেস্টিং সম্পন্ন করতে পারবে।

সিআরভিএস স্টেকহোল্ডার কনসালটেশন সভার ৫.২-এর সিদ্ধান্ত ছিল নতুন জন্ম নিবন্ধনের ক্ষেত্রে বাবা-মা যেকোনো একজনের এনাইডি অথবা জন্ম সনদ যে কোন একটি থাকলেই ব্যক্তির জন্ম নিবন্ধন সম্পন্ন করতে হবে। আলোচনায় অংশগ্রহণ করে ডেপুটি রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় জানান যে উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের পূর্বে ২০০১ সালের পহেলা জানুয়ারির পরে যাদের জন্ম তাদের বাবা-মায়ের BRN লাগবে মর্মে জন্ম ও নিবন্ধনকারী লোকাল রেজিস্ট্রারদের জন্য একটি নির্দেশনা ছিল। তবে জন্ম নিবন্ধন করতে কত তারিখের পরে বাবা মায়ের জন্ম নিবন্ধন লাগবে সে সংক্রান্ত একটি তারিখ সিস্টেমে সেট করতে হয় বিধায় বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বর্তমানে ২০২২ এর পহেলা জানুয়ারির পরে যাদের জন্ম তাদের জন্ম নিবন্ধনের ক্ষেত্রে বাবা মায়ের জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে তার পূর্বে জন্ম এমন কারো জন্ম নিবন্ধনের ক্ষেত্রে এরূপ কোন বাধ্যবাধকতা নেই। ২০২২ এর পহেলা জানুয়ারির পূর্বে জন্ম গ্রহণকারীর জন্ম নিবন্ধনের ক্ষেত্রে বাবা-মা যেকোনো একজনের এনাইডি অথবা জন্ম সনদ যে কোন একটি থাকলেই ব্যক্তির জন্ম নিবন্ধন সম্পন্ন করা সংক্রান্ত বিষয়টি জন্ম ও নিবন্ধনকারী লোকাল রেজিস্ট্রারদের একটি পত্রের মাধ্যমে জানিয়ে জনগণের ভোগান্তি কমানো যেতে পারে মর্মে সভায় মতামত প্রদান করা হয়।

আলোচনায় অংশগ্রহণ করে সিআরভিএস কান্ট্রি কোঅর্ডিনেটর সভায় জানান যে, গত বছর জন্ম নিবন্ধনের টার্গেট যেখানে ৫০% হবার কথা ছিল সেটা হয়েছে ৩০%। তবে এ বছরে জন্ম নিবন্ধনের টার্গেট ৮০% করার লক্ষ্যে ৮ টি বিভাগে ৮টি অনলাইন কর্মশালা সম্পন্ন করা হয়েছে। জন্ম নিবন্ধনের টার্গেট অর্জনে ইউনিয়ন পরিষদ সচিব পর্যায়ে যারা আছেন তাদের মধ্যে কম্পিউটার ভিত্তিক দক্ষতার যথেষ্ট ঘাটতি রয়েছে বলে তিনি মনে করেন। এবং তাদের এই ঘাটতি পূরণের জন্য তাদেরকে প্রয়োজনীয় কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের জন্য সংশ্লিষ্ট বিভাগ থেকে একটি নির্দেশনা প্রদানের উপর তিনি গুরুত্বারোপ করেন।

সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট সম্পন্ন করণের বিষয়ে বিবিএস এর প্রতিনিধ জানান যে, এসকাপ কর্তৃক আয়োজিত রিজিওনাল ওর্য়াকশপ শেষ হওয়ার পরে সিআরভিএস কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে উক্ত বিষয়ে বিবিএস কর্তৃক আগামী মাসে একটি ন্যাশনাল ওয়ার্কশপ আয়োজন করা হবে। তার উপর ভিত্তি করেই সবগুলোর Source থেকে Data নিয়ে এনালাইসিস করে সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট তৈরি করা হবে।

আলোচনায় অংশগ্রহণ করে সিআরভিএস কান্ট্রি কোঅর্ডিনেটর সভায় জানান যে, বৃহত্তর আঙ্গিকে একটা সিআরভিএস প্রকল্প প্রণয়নের জন্য একটি ডিপিপি তৈরি করা দরকার। ডিপিপি তৈরির পূর্বে একটি Feasibility Study-এর মাধ্যমে প্রকল্প গ্রহণের যৌক্তিকতা এবং প্রকল্পের একটি আউটলাইন তৈরি করতে হবে তাছাড়াও সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণের জন্য এক বা একাধিক স্টেকহোল্ডার কনসালটেশন সভা আয়োজন করতে হবে।

**০৫। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

**সিদ্ধান্ত: ৪.১।** "বিবাহ ও তালাক আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত প্রকল্পটি অনুমোদনের বিষয়ে আইন ও বিচার বিভাগ কর্তৃক পরিকল্পনা কমিশন ও আইসিটি বিভাগের সাথে সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৪.২।** BDRIS-এর module based ডেভেলপমেন্টসহ পুরো সিস্টেমটি দ্রুত ডেভলাপ করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৪.৩।** বাবা-মায়ের BRN অথবা NID যে কোন একটির সাপেক্ষে শিক্ষার্থীকে ইউনিক আইডি প্রদানের নিমিত্ত তৈরিকৃত Application Programming Interface (API) এর মাধ্যমে BDRIS সিস্টেম থেকে যেসব স্টুডেন্ট এর জন্য ইউনিক আইডি পাওয়া যায়নি তাদের বিষয়টি আগামী ৭ দিনের মধ্যে সমাধানের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং মহাপরিচালক, ব্যানবেইস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৪.৪।** "২০২২ এর পহেলা জানুয়ারির পূর্বে জন্মগ্রহণকারীর জন্ম নিবন্ধনের ক্ষেত্রে বাবা-মা যেকোনো একজনের এনাইডি অথবা জন্ম সনদ যে কোন একটি থাকলেই ব্যক্তির জন্ম নিবন্ধন সম্পন্ন করা যাবে" সংক্রান্ত নির্দেশনাটি জন্ম ও নিবন্ধনকারী লোকাল রেজিস্ট্রারদের একটি পত্রের মাধ্যমে জানানোর বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত ৪.৫।** প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নে বাবা-মায়ের জন্ম নিবন্ধন অথবা এনআইডি যে কোনো একটির সাপেক্ষে API এর মাধ্যমে ইউনিক আইডি প্রাপ্তি সংক্রান্ত বিষয়টির টেস্টিং আগামী ৭ দিনের মধ্যে সম্পন্ন করার বিষয়ে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত ৪.৬।** নির্ভুল জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পন্ন করণের নিমিত্ত ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রয়োজনীয় কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত ৪.৭।** বৃহত্তর আঙ্গিকে সিআরভিএস প্রকল্প প্রণয়নের জন্য ডিপিপি তৈরির পূর্বে একটি Feasibility Study-এর মাধ্যমে প্রকল্প গ্রহণের যৌক্তিকতা এবং প্রকল্পের একটি আউটলাইন তৈরি করার বিষয়ে সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সকলের মতামত গ্রহণের জন্য এক বা একাধিক স্টেকহোল্ডার কনসালটেশন সভার আয়োজন করবে।

**০৫।** পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

১৭/৫/২০২২

মোঃ সামসুল আরেফিন
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ